# TRIPURA LEGISLATIVE ASSEMBLY
# SECRETARIAT.

No.F.1(8)LA/ED/2025. Dated Agartala, the 18.06.2025.

## BULLETIN PART - I

### (Brief record of the Assembly proceedings of the House)

### TUESDAY, THE 1ST APRIL, 2025

#### PRESENT

The House met in the Assembly House, Agartala at 11.00 AM on Tuesday, the 1st April, 2025 with the Hon'ble Speaker in the Chair, the Hon'ble Chief Minister, the Hon'ble Deputy Speaker, 9 (Nine) Hon'ble Ministers and 35 (Thirty Five) Hon'ble Members being present in the House.

---

### I. ANNOUNCEMENT BY THE CHAIR

The Hon'ble Speaker announced and read-out the letter received from Shri Sukla Charan Noatia, Hon'ble Minister-in-charge of the TRP & PTG, Co-operation and Welfare of Minority etc. Department informing that he would not be present in the House on the 1st April, 2025 and all duties and Business of the above mentioned departments would be performed by Shri Sudhangsu Das, Hon'ble Minister-in-charge of the ARDD, SCW etc. Departments till his return to the headquarter Agartala.

### II. QUESTIONS

i) Admitted Short Notice Question Nos. 2, 3, 5 and 6 are answered orally and the supplementary Questions raised by the Hon'ble Members thereto were also answered orally.

ii) Admitted Starred Question Nos. 115, 125, 134, 135, 228, 241 and 275 were answered orally alongwith the supplementary questions raised by Hon'ble Member thereto.

Written replies to the remaining Admitted Starred Question Nos. 132, 174, 227, 276, 281 and 282 were laid on the Table of the House due to the question hour being over.

iii) Written replies to the Admitted Un-starred Question Nos. 280, 287 and 292 were laid on the Table of the House.

## III. OBITUARY REFERENCE

The Hon'ble Speaker made reference to the passing away of the following dinstinguished person -

i) Jhumu Sarkar, Ex-Member of the Tripura Legislative Assembly.

At the end of the reference the Hon'ble Ministers and Members stood in silence for 2 (Two) minutes as a mark of respect to the departed soul.

## IV. ANNOUNCEMENT BY THE CHAIR

The Hon'ble Speaker made the following statement :-

মাননীয় সদস্য/সদস্যাগণ, আপনারা সকলেই অবগত আছেন যে, ত্রিপুরা বিধানসভার অধিবেশন এবং বিভিন্ন কমিটির কার্যক্রম 'Rules of Procedure and Conduct of Business in the Tripura Legislative Assembly'-এর অনুচ্ছেদে উল্লেখ থাকা নিয়মাবলী অনুযায়ী পরিচালিত হয়। বিধানসভায় যে কোনো বিষয় উত্থাপনের নির্দিষ্ট প্রক্রিয়া এই রুলসের মাধ্যমে সুস্পষ্টভাবে উল্লেখ করা আছে, যা প্রত্যেক মাননীয় সদস্য/সদস্যা সহ সভায় অধ্যক্ষের চেয়ারে বসা ব্যক্তিকে অনুসরণ করতে হয়। কাজেই, এই ক্ষেত্রে উক্ত নিয়মাবলীর ঊর্ধে কেউ নয়। বিধানসভার কার্যপ্রণালী সংক্রান্ত নিয়মাবলীর লঙ্ঘন হলে, তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের বিধানও এখানে এই রুলসে সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। আমি নিশ্চিত যে, আপনারা সকলেই এ সম্পর্কে অবহিত এবং পরিষদীয় গণতন্ত্রের গরিমা ও পবিত্রতা বজায় রাখার জন্য সচেষ্ট রয়েছেন।

এই সভাকে অবহিত করার জন্য আমি অত্যন্ত দুঃখের সঙ্গে উল্লেখ করছি যে, এক অনাকাঙ্ক্ষিত ঘটনার প্রেক্ষিতে এই সভায় অধিবেশনের দিনগুলোতে প্রধান বিরোধী দলের দীর্ঘ অনুপস্থিতি অত্যন্ত দুর্ভাগ্যজনক। একজন মাননীয় মন্ত্রীর একটি উচ্চারিত শব্দের অভিব্যক্তি সম্পর্কে ঐ দিনই পরবর্তী সময়ে তিনি এই হাউসে এর প্রাসঙ্গিকতাও ব্যক্ত করেছেন, সেই উচ্চারিত শব্দটি মোটেই অসংসদীয় শব্দ হিসেবে বিবেচিত নয় বলে সভার কার্য বিবরণী থেকেও বাদ দেওয়া হয়নি। তবুও, এই বিষয়টিকে কেন্দ্র করে অধিবেশনের কয়েকটি দিন প্রধান বিরোধী দলের অনুপস্থিতি খুবই অনভিপ্রেত। কেননা, এর সঙ্গে জনস্বার্থের কোন বিষয়ই সংশ্লিষ্ট নয় এবং বিধায়কদের দায়িত্ব হচ্ছে, জনগণের স্বার্থে সরকারের কাছে তাঁদের প্রত্যাশাগুলি তুলে ধরা, যা সরকারের বিভিন্ন সীমাবদ্ধতার মধ্যেও অনেকাংশে পূরণ করা সম্ভব হয় এবং এই সমস্ত বিষয়ে সরকারকে জনস্বার্থে ইতিবাচক পদক্ষেপ নিতে সাহায্য করে।

তবে প্রধান বিরোধী দলের সদস্যদের দীর্ঘ অনুপস্থিতির ফলে তাঁদের নির্বাচনী এলাকার জনগণ কার্যত তাঁদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় উত্থাপনের সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন, যা মোটেই কাঙ্খিত নয়। পরিষদীয় গণতান্ত্রিক ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার ও বিরোধী দলের সম্মিলিত অংশগ্রহণ আবশ্যক।

মাননীয় মুখ্যমন্ত্রী তথা লিডার অব দ্য হাউস এই সভার প্রধান বিরোধী দলকে সভায় ফিরে আসার জন্য অনুরোধ জানালেও তাঁরা কার্যত উনার আহ্বান উপেক্ষা করেছেন, যা খুবই দুঃখজনক।

মাননীয় সদস্য/সদস্যাগণ, আমি আপনাদের অবহিত করছি যে, গত ২৭শে মার্চ, ২০২৫ তারিখে বিরোধী দলনেতা সরাসরি আমাকে একটি চিঠি প্রেরণ করেছেন, যা পরবর্তীতে কয়েকটি সংবাদ মাধ্যমেও প্রচার করা হয়েছে। চিঠিতে

তিনি উল্লেখ করেছেন যে, বিধানসভার কার্যপ্রণালী ও নিয়মাবলী বিধির ১৭৪ অনুচ্ছেদ অনুসারে, স্বাধিকার ভঙ্গের অভিযোগ বিধানসভায় উত্থাপন করতে হলে তা সরাসরি বিধানসভার সচিবের নিকট লিখিতভাবে জমা দিতে হবে, যা যথাযথ প্রমাণসহ হতে হবে। তাঁর মতে, ২৭শে মার্চ গৃহীত স্বাধিকার ভঙ্গের নোটিশটি 'প্রচলিত বিধি অনুসরণ করে গ্রহণ করা হয়নি' এবং 'সম্পূর্ণ অবৈধ ও বাতিল হতে বাধ্য'। একই সঙ্গে গত ২৭শে মার্চ এই সভায় গৃহীত স্বাধীকার ভঙ্গের অভিযোগটি বাতিল করে উনার আনীত স্বাধীকার ভঙ্গের অভিযোগটি গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানিয়েছেন।

**এ প্রসঙ্গে দুটি গুরুত্বপূর্ণ বিষয় স্পষ্ট করা প্রয়োজন:**

১) বিধানসভার ১৭৪ অনুচ্ছেদ অমান্য করে বিরোধী দলনেতা নিজেও বিধানসভার সচিবকে এড়িয়ে সরাসরি অধ্যক্ষকে উদ্দেশ্য করে স্বাধিকার ভঙ্গের অভিযোগটি জমা দিয়েছেন। একই দিনে একাধিক স্বাধিকার ভঙ্গের অভিযোগ বিবেচনার জন্য আমার কাছে উপস্থাপিত হয়, কিন্তু বিধানসভার ১৭৭ অনুচ্ছেদ অনুযায়ী একাধিক স্বাধিকার ভঙ্গের অভিযোগ গ্রহণের বিধান নেই। সে কারণেই প্রথম যে স্বাধিকার ভঙ্গের অভিযোগটি পেয়েছি সেই অভিযোগটিই বিধানসভায় উত্থাপনের জন্য গৃহীত হয়েছে এবং ২৭শে মার্চ এটি অধিবেশন থেকে "কমিটি অফ প্রিভিলেজের" কাছে পরবর্তী বিধিসম্মত পদক্ষেপের জন্য প্রেরণ করা হয়েছে। সুতরাং, গৃহীত স্বাধিকার ভঙ্গের অভিযোগটি বাতিল করে তাঁর আনীত অভিযোগটি গ্রহণ করার কোন প্রশ্ন উঠছে না এবং এই ধরনের কোনো বিধানও নেই।

২) বিরোধী দলনেতার চিঠিতে গৃহীত স্বাধিকার ভঙ্গের অভিযোগ সম্পর্কে উল্লেখ করে লিখেছেন যে, 'প্রচলিত বিধি অনুসরণ করে গ্রহণ করা হয়নি' এবং 'সম্পূর্ণ অবৈধ ও বাতিল হতে বাধ্য'। অধ্যক্ষের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে চিঠিতে বর্ণিত মননীয় বিরোধী দলনেতার এই ধরণের মন্তব্য তথা উক্তি পরিষদীয় গণতান্ত্রিক কাঠামোর ক্ষেত্রে অত্যন্ত নিন্দনীয় ও অনভিপ্রেত। বিধানসভায় মাননীয় বিরোধী দলনেতার মর্যাদা ও দায়িত্ব যেমন রয়েছে, তেমনই তাঁকে পরিষদীয় নিয়মাবলী সম্পর্কেও সুস্পষ্ট ধারণা রাখতে হয়। উনার চিঠির ভাষ্য এবং অধ্যক্ষের গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে কটাক্ষমূলক উক্তিগুলি শুধুমাত্র নিন্দনীয় নয়, বিরোধী দলনেতার পদের গরিমারও পরিপন্থী। বিধানসভার ৩৫৩ অনুচ্ছেদে উল্লেখ রয়েছে, 'No decision of the Speaker in respect of disallowance of any resolution or question or in respect of any other matter shall be questioned.' তা সত্ত্বেও বিরোধী দলনেতা যে ভাষা উনার চিঠিতে বিধানসভার অধ্যক্ষকে উদ্দেশ্য করে ব্যবহার করেছেন, তা অত্যন্ত দুঃখজনক, দুর্ভাগ্যজনক।

ত্রিপুরা বিধানসভার অধিবেশন পরিচালনার দায়িত্বে থেকে অধ্যক্ষ হিসাবে আমি মাননীয় বিরোধী দলনেতার এই ধরণের আচরণে অত্যন্ত ব্যথিত। বিষয়টি ভর্ত্সনার যোগ্য হলেও, বিরোধী দলনেতার পদের গরিমা রক্ষার স্বার্থে উনার এই নিন্দনীয় আচরণের জন্য আমি উনাকে শুধুমাত্র সতর্ক করছি এবং ভবিষ্যতে তিনি যেন পরিষদীয় নিয়মাবলী সম্পর্কে সম্যক ধারণা নিয়ে দায়িত্বশীল ভূমিকা পালন করেন, সেই আহ্বান রাখছি।

## V. MATTER RAISED BY THE MEMBER

Shri Sudip Roy Barman Hon'ble Member drew the attention of the Hon'ble Chief Minister through the Hon'ble Speaker and said that suddenly the Power Department gone to the Matinagar village outsider of the 98 Border Piller to disconnect power suply of villager's domestic line. He said they are all Indian living heriditary since King's Rule in Tripura. He also requested to the Hon'ble Chief Minister not to cut power supply without rehabilitation inside the border fencing.

Smt. Antara Sarkar Deb, Hon'ble Member said that the problems under the Kamalasagar Assembly constituency and would be solve the problem according to the guide line of the Central Government.

Professor Dr. Manik Saha Hon'ble Chief Minister replied to the subjet matter which was raised by the Hon'ble Member Shri Sudip Roy Barman.

## VI. REFERENCE PERIOD

*Statement on the Reference Notice*

i) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Home Department** made a statement on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Member Shri Ranjit DebBarma :-

"১৪ই মার্চ, ২০২৫ ইং তারিখে 'স্যন্দন' পত্রিকায় প্রকাশিত সংবাদ 'অনুপ্রবেশ রুখতে কড়া অভিবাসন আইন মোদী সরকারের'— এই সম্পর্কে।"

Shri Ranjit Debbarma, Hon'ble Member raised point of clarification and requested to the Hon'ble Chief Minister to take effective measures against infiltrators and push back to them according to the Act, Immigration and Foreigners Bill, 2025.

Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister replied to the subject matter in detail.

ii) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Education Department** made a statement on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Member Shri Pathan Lal Jamatia :-

"২৩/০৩/২০২৫ ইং তারিখে 'এডিসির স্কুলগুলিতে ছাত্র সংকট চরম আকারে'— দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে।"

Shri Pathan Lal Jamatia, Hon'ble Member raised point of clarification and demand for infrustructural development in the TTAADC schools through the budget allocation.

Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister replied to the points.

iii) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Urban Development Department** made a statement on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Member Shri Pramod Reang:-

"আগরতলা কামান চৌমুহনীতে ত্রিপুরা রাজ্যের ঐতিহাসিক বীর রায় কাচাক এবং রায় কাছমের মূর্তি স্থাপনে দপ্তরের উদ্যোগ নেওয়া সম্পর্কে।"

iv) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **CM Secretariat Department** made a statement on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Govt. Chief Whip Smt. Kalyani Saha Roy :-

"২৩শে মার্চ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ 'মুখ্যমন্ত্রীর সাথে বৈঠক রিলায়েন্স-জিও প্রতিনিধি দলের'— এই সম্পর্কে।"

*After recess at 2:00 P.M.*

v) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Health & Family Welfare Department** made a statement on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Member Shri Gopal Chandra Roy :-

"গত ২৫শে মার্চ প্রতিবাদী কলম পত্রিকায় প্রথম পাতায় 'উত্তরপূর্বের ড্রাগ ক্যাপিটাল হওয়ার পথে রাজ্য' প্রকাশিত সংবাদ সম্পর্কে।"

Shri Gopal Chandra Roy, Hon'ble Member raised point of clarification and demand for investigation through the unlawful activities prevention Act. in the State.

Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister replied to the debate categorically.

vi) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **P.W. (DWS) Department** laid a written statement on the Table of the House the following subject matter of Reference Notice raised by the Hon'ble Member Shri Ranjit DebBarma :-

"পানীয় জলের তীব্র সংকটেও উনাসীন ডিডব্লিওএস দপ্তর— আজকের ফরিয়াদ পত্রিকায় ২৫শে মার্চ তারিখে প্রকাশিত সংবাদ সম্পর্কে।"

vii) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Health & Family Welfare Department** laid a written statement on the Table of the House on the following subject matter of the Reference Notice raised by the Hon'ble Member Shri Subodh DebBarma:-

"২৬-০৩-২০২৫ইং তারিখে 'দৈনিক সংবাদ' পত্রিকায় প্রকাশিত সংবাদ 'সরকারের উদাসীনতায় দু'বছর ধরে রোগী কল্যাণ সমিতির কাজ বন্ধ'— সম্পর্কে।"

## VII. CALLING ATTENTION

*Statement on the Calling Attention Notice*

i) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Education Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice jointly raised by the Hon'ble Members Shri Ramu Das and Shri Nirmal Biswas :-

"ত্রিপুরা মেডিক্যাল কলেজে পাশ করিয়ে দেবার নাম করে সম্প্রতি অর্থ আদায় করার ঘটনা সম্পর্কে।"

Shri Sudip Roy Barman, Hon'ble Member raised point of clarification to the Hon'ble Chief Minister through the Hon'ble Speaker asked that would be punished who were involved in this case.

Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister said that the case under CID inquary and assured that nobody escaped from the case who were found guilty.

ii) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **P.W. (DWS) Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Biswajit Koloi:-

"প্রত্যন্ত অঞ্চলে পানীয় জলের সংকট দূরীকরণে দপ্তরের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া সম্পর্কে।"

Shri Biswajit Koloi, Hon'ble Member raised point of clarification to the Hon'ble Chief Minister through the Hon'ble Speaker and demand for innovative scheme in unsuccess deep tubewell areas under the Takarjala Assembly Constituency.

iii) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Education Department** laid a written statement on the Table of the House the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Gopal Chandra Roy :-

"TTAADC এলাকায় প্রাথমিক শিক্ষার অগ্রগতি সম্পর্কে।"

iv) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **P.W. (R & B) Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Pinaki Das Choudhury:-

"কল্যাণপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পূর্ণদাস পাড়া থেকে রতিয়া হাওয়র পর্যন্ত 3.5 km রাস্তাটির নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে।"

Shri Pinaki Das Choudhury, Hon'ble Member raised point of clarification to the Hon'ble Chief Minister through the Hon'ble Speaker and demand for completion the road as early as possible.

v) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Urban Development Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Gopal Chandra Roy:-

"স্মার্ট সিটির অগ্রগতি সম্পর্কে।"

Shri Gopal Chandra Roy, Hon'ble Member raised point of clarification to the Hon'ble Chief Minister through the Hon'ble Speaker and asked the period of completion the drainage work from the Ramthakur Boys School.

Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister replied to the debate.

vi) Professor Dr. Manik Saha, Hon'ble Chief Minister as well as the Minister-in-charge of the **Education Department** laid a written statement on the Table of the House the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Pathan Lal Jamatia :-

"বর্তমান গ্রামাঞ্চলের শিক্ষা পরিকাঠামোর উন্নয়ন সম্পর্কে।"

vii) Smt. Santana Chakma, Hon'ble Minister-in-charge of the **Industries & Commerce Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Sambhu Lal Chakma :-

"বাঁশ-বেত ভিত্তিক শিল্পকে আরও বেশী করে আকর্ষণীয় ও লাভজনক করতে ছামনু বিধানসভা কেন্দ্রে একটি Bamboo Park করার জন্য দপ্তর কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া সম্পর্কে।"

viii) Shri Tinku Roy, Hon'ble Minister-in-charge of the **Social Welfare & Social Education Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'bie Member Shri Philip Kumar Reang:-

**"Regarding the fulfilment of AWC's in ADC areas."**

ix) Smt. Santana Chakma, Hon'ble Minister-in-charge of the **Industries & Commerce Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Smt. Antara Sarkar Deb :-

"রাজ্যে বাড়ী বাড়ী রান্নার পাইপলাইন গ্যাসের সংযোগ বৃদ্ধি সম্পর্কে।"

Smt. Antara Sarkar Deb, Hon'bel Member raised point of clarification to the Hon'ble Minister through the Hon'ble Chairman and demand for domestic pipe line gas connection in the Kamalasagar Assembly Constituency as early as possible.

Smt. Santana Chakma, Hon'ble Minister replied that the gas based industry and others will be set-up by the private company TNGCL as per gas production in future. So, we try our best that would be gas connected 16,600 household in Tripura within the 3 years.

x) Shri Pranajit Singha Roy, Hon'ble Minister-in-charge of the **Finance Department** made a statement on the following subject matter of the Calling Attention Notice raised by the Hon'ble Member Shri Sudip Roy Barman :-

**"For immediate filling up of all vacant posts."**

Shri Sudip Roy Barman, Hon'ble Member raised point of clarification to the Hon'ble Finance Minister through the Hon'ble Speaker requested that should be followed the guideline framed by the Government like as Academic Councillor the post was not filled up by the State.

Shri Pranajit Singha Roy, Hon'ble Minister-in-charge of the Finance Department replied to the debate.

## VIII. LAYING OF PAPERS ON THE TABLE OF THE HOUSE

Shri Pranajit Singha Roy, Hon'ble Minister-in-charge of the Finance Department laid a copy each of the following Review Reports on the Table of the House :-

The "Quarterly Review Reports of Finance Minister for the 4th Quarter of 2023-24 and 1st, 2nd & 3rd Quarters of 2024-25 as per Tripura FRMB Act, 2005."

## IX. PRIVATE MEMBER'S RESOLUTION – Adopted.

1) Shri Pinaki Das Chowdhury, Hon'ble Member initiated discussion and moved the following Resolution:-

"ত্রিপুরা রাজ্যের মহিলাদের স্বশক্তিকরণের লক্ষ্যে তাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলার জন্য আরও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে এই সভা ত্রিপুরা সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

Following Hon'ble Member / Minister took part in the discussion:-

i) Shri Pinaki Das Chowdhury, Hon'ble Member.

ii) Shri Tinku Roy, Hon'ble Minister.

The Resolution was adopted by the House.

2) Shri Jitendra Majumder, Hon'ble Member initiated discussion and moved the following Resolution:-

"ত্রিপুরা রাজ্যকে মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করে তোলার লক্ষ্যে আরও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে এই সভা ত্রিপুরা সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

Following Hon'ble Member / Minister took part in the discussion:-

i) Shri Jitendra Majumder, Hon'ble Member.

ii) Shri Sudhandshu Das, Hon'ble Minister also took part in the discussion.

The Resolution was adopted by the House.

3) Shri Ranjit Das, Hon'ble Member initiated discussion and moved the following Resolution:-

**"রাজ্যের প্রতিটি পর্যটন কেন্দ্র পরিদর্শনকারী পর্যটকদের সার্বিক সুবিধার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি দেশ-বিদেশের পর্যটকদের কাছে এসব কেন্দ্রকে আরও দৃষ্টিনন্দন ও আকর্ষণীয় করে গড়ে তুলতে এই সভা ত্রিপুরা সরকারকে অনুরোধ জানাচ্ছে।"**

Following Hon'ble Members / Ministers took part in the discussion:-

i) Shri Ranjit Das, Hon'ble Member.

ii) Shri Sushanta Chowdhury, Hon'ble Minister also took part in the discussion constructively.

Then, the Resolution was adopted by the House.

## X. VALEDICTORY SPEECH MADE BY THE SPEAKER

**মি: স্পীকার :-** মাননীয় সদস্য / সদস্যাগণ, আজ ত্রয়োদশ বিধানসভার সপ্তম অধিবেশনের শেষ দিন। গত ২১ মার্চ, ২০২৫ তারিখে এই অধিবেশনের সূচনা হয়েছিল। ত্রিপুরা বিধানসভার বিজনেস্ এ্যডভাইসরি কমিটির পেশ করা সুপারিশমূলে অধিবেশনের প্রতিটি কার্যক্রম সঠিকভাবে পালনের ক্ষেত্রে আপনারা এই পবিত্র বিধানসভায় যথাযথ দায়িত্ব পালন করেছেন। চলতি অধিবেশনে ২০২৪-২৫ অর্থ বছরের অতিরিক্ত ব্যয় বরাদ্ধের প্রস্তাব পেশ ও অতিরিক্ত ব্যয়-বরাদ্দের ডিমান্ডগুলির উপর আনা ছাঁটাই প্রস্তাবের উপর আলোচনা এবং শেষে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের ডিমান্ডগুলি পাশ হয়েছে পাশাপাশি মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবর্ষের ব্যয়-বরাদ্দের প্রস্তাব উপস্থাপন এবং এর উপর সাধারণ আলোচনা, ছাঁটাই প্রস্তাবের উপর গঠনমূলক বিস্তারিত আলোচনা ও সর্বশেষে গত ২৮ মার্চ ২০২৫ তারিখ বাজেট অনুমোদন হয়েছে। এবারের বিধানসভা অধিবেশনে অত্যন্ত গৌরবময় বিষয়ের পরিপ্রেক্ষিতে তিনটি অভিনন্দনসূচক প্রস্তাবের উপর আলোচনা হয়েছে। প্রথমটি, মহাকাশ বিজ্ঞানী 'ভারত দুহিতা' সুনীতা উইলিয়ামস্-এর মহাকাশ থেকে ভূ-পৃষ্ঠে সফল অবতরণ, দ্বিতীয়টি, সম্প্রতি আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি-২০২৫ টুর্নামেন্টে চ্যাম্পিয়ান ভারতীয় ক্রিকেট দল এবং তৃতীয়টি, অনূর্ধ-১৯ মহিলা বিশ্বকাপ টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট বিজয়ী ভারতীয় মহিলা ক্রিকেট দল সম্পর্কিত।

অধিবেশনের প্রশ্নোত্তর পর্ব থেকে শুরু করে প্রতিটি কার্যসূচি সঠিকভাবে পালনের ক্ষেত্রে আপনাদের সকলের ভূমিকা ছিল প্রশংসনীয়। এবারের বিধানসভা অধিবেশনের নির্ধারিত সাতটি কর্মদিবস সুষ্ঠুভাবে পরিচালনা করার ক্ষেত্রে এই হাউসে আপনারা সকল সম্মানিত সদস্য/সদস্যাগণ যেভাবে অধিবেশন পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন– তারজন্য আমি আপনাদের প্রত্যেককে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়া ট্রেজারী বেঞ্চের সদস্য/সদস্যাগণসহ বিরোধী বেঞ্চের সদস্য/সদস্যাগণ উচ্চমার্গের গঠনমূলক আলোচনায় এই বিধানসভা সমৃদ্ধ হয়েছে। এছাড়াও জরুরী জনস্বার্থমূলক রেফারেন্স ও কলিং এটেন্‌শান নোটিশের উপর সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত

মাননীয় মন্ত্রীরা বিবৃতি প্রদান করেছেন।

রাজ্যবাসীকে অবহিত করার ক্ষেত্রে এবারের বিধানসভা অধিবেশনে আলোচ্য বিষয়গুলি সঠিকভাবে সংবাদ মাধ্যমে প্রকাশ ও উপস্থাপন করার জন্য সংবাদ মাধ্যমের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ যারা সকাল থেকে বিধানসভা শেষ হওয়া পর্যন্ত এখানে আন্তরিকভাবে কাজ করছেন উনাদেরকে আমি বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়াও 'নেভা'র কাজে জড়িত এসবিএল'র সকল কর্মচারী এবং ইন্টারপ্রেটর সিস্টেমের কাজে জড়িত সকল কর্মচারীরা তাদের নির্ধারিত কাজের মাধ্যমে অধিবেশনকে সুষ্ঠুভাবে পরিচালনায় সহায়তা করার জন্য তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

সভা পরিচালনার ক্ষেত্রে বিধানসভার সচিব, বিধানসভা সচিবালয়ের আধিকারিকগণ সহ এই বিধানসভার সকল স্তরের বিশাল কর্মচারীবৃন্দ যারা দিনরাত পরিশ্রম করেছেন বর্তমান অধিবেশনকে সফলতার দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, আমি উনাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। এখানে বিভিন্ন সরকারী দপ্তরের আধিকারিক কর্মচারীবৃন্দ, আরক্ষা বিভাগের আধিকারিক কর্মীবৃন্দ বিশেষতঃ আরক্ষা দপ্তরের আমাদের বোনেরা যারা অত্যন্ত নিষ্ঠার সঙ্গে যে দায়িত্ব পালন করেছেন এই অধিবেশনকে সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উনাদের প্রত্যেককে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি। নিরাপত্তায় নিযুক্ত সকল জওয়ান ভাই এবং গাড়ির চালক ভাইয়েরা যারা দিনরাত পরিশ্রম করেছেন উনাদেরকেও আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

**সর্বশেষে সকল রাজ্যবাসীকে আসন্ন বাংলা শুভ-নববর্ষের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে এই সভা অনির্দিষ্টকালের জন্য মুলতুবি ঘোষণা করছি।**

*The House rose at 4.35 P.M. and stood adjourned SINE -DIE.*

18.03.25.

**(S. K. MAJUMDER)**
*Secretary*
**Tripura Legislative Assembly**